

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৬৩২

আগরতলা, ০৫ ফেব্রুয়ারি, ২০২৫

রাজ্যপালের সাথে সৌজন্য সাক্ষাতে
ন্যাশনাল ডিফেন্স কলেজের প্রতিনিধি দল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লুর সাথে আজ সকালে রাজভবনে সৌজন্য সাক্ষাতে করেন নয়াদিল্লির ন্যাশনাল ডিফেন্স কলেজের এক প্রতিনিধি দল। এই দলের নেতৃত্বে ছিলেন ন্যাশনাল ডিফেন্স কলেজের সেক্রেটারি বিগেডিয়ার রাজেশ রমন। রাজভবনে রাজ্যপাল প্রতিনিধি দলকে সংবর্ধনা জানান। সৌজন্য সাক্ষাতকারের সময় রাজ্যপাল ত্রিপুরার সমৃদ্ধি, সংস্কৃতি, ইতিহাস, ঐতিহ্য এবং ভৌগলিক অবস্থান তুলে ধরেন। ন্যাশনাল ডিফেন্স কলেজের আধিকারিকগণও ত্রিপুরা সফরে তাদের অভিজ্ঞতার কথা তুলে ধরেন। এই প্রতিনিধি দলে পদাতিক, বায়ুসেনা, নৌসেনা আধিকারিকগণ সহ অস্ট্রেলিয়া, মায়ানমার, ইন্দোনেশিয়া, মালদ্বীপ এবং তানজানিয়ার প্রতিনিধিগণও ছিলেন। রাজভবন থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।
